



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**18 JULY 2024**

**7:35—7:40 PM IST**

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মুর প্রথম বছরের কার্যকালের ৭৫টি গুরুত্বপূর্ণ ভাষনের সংকলিত রূপ- WINGS TO OUR HOPES-VOLUME-1 বইটি আজ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে। লোকসভা অধ্যক্ষ ওম বিড়লা কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার দপ্তরের মন্ত্রী অশ্বিনী বৈষণ ও কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহানের উপস্থিতিতে এই ই-বুকটির আনুষ্ঠানিক প্রকাশ করবেন। কেন্দ্রীয় প্রকাশন বিভাগ হিন্দি ও ইংরেজি ভাষায় ই-বুকটি প্রকাশ করছে।

আসাম সরকারের বাল্য বিবাহ প্রতিরোধে গৃহিত পদক্ষেপের ফলে রাজ্য ৮১ শতাংশ বাল্য বিবাহ প্রতিরোধ করা সম্ভব হয়েছে এবং আসমের এই পদক্ষেপের উদাহরণ তুলে ধরে কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যগুলিকেও এ ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করার আহ্বান জানিয়েছে। আসাম সরকারের সর্বশেষ কঠোর আইনী পদক্ষেপ গ্রহণ করার ফলে রাজ্য উল্লেখযোগ্য ভাবে বাল্য বিবাহ হ্রাস পেয়েছে বলে জাতীয় পর্যায়ের দুটি সংস্থার চালানো সমীক্ষায় জানানো হয়েছে। সমীক্ষার তথ্য অনুসারে গতকাল নতুন দিল্লীতে প্রকাশিত টুয়ার্ডস জাষ্টিস শীর্ষক প্রতিবেদনে আসামের বাল্য বিবাহের ক্ষেত্রে রাজ্য সরকারের গ্রহণ করা কঠোর নীতির প্রশংসা করা হয়। বাল্য বিবাহ মুক্ত ভারতের প্রতিষ্ঠাতা ভূবন রিবু এবং জাতীয় শিশু অধিকার সুরক্ষা সংস্থার অধ্যক্ষ প্রিয়ংকা কাননুগো প্রতিবেদন প্রকাশ করে সমগ্র

দেশের মধ্যে ২০২১-২২ সালের তুলনায় ২০২৩-২৪ সালে আসামে ৮১ শতাংশ বাল্য বিবাহ হ্রাস পেয়েছে বলে উল্লেখ করেন। সমগ্র দেশে প্রতি এক মিনিটে ৩টি করে বাল্য বিবাহ সম্পন্ন হচ্ছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

---

রাজ্যের কয়েকটি জেলায় জাপানীজ এনকেফেলাইটিসের প্রাদুর্ভাব ঘটেছে। সম্পত্তি এই রোগে গোলাঘাট জেলার দেরগাওয়ে একজন লোকের মৃত্যু হয়েছে। অতিমাত্রায় জ্বর, মাথা ব্যথা, বিভ্রান্ত হওয়া, সংজ্ঞাহীনতা, শরীরে অস্বাভাবিক কাঁপোনী, উচ্চারণে জড়তা জাপানীজ এনকেফেলাইটিস রোগের প্রধান লক্ষণ বলে আসাম স্বাস্থ্য বিভাগ সূত্রে জানানো হয়েছে। প্রাথমিক অবস্থায় চিকিৎসার মাধ্যমে এই রোগ থেকে সুস্থ হয়ে ওঠা সম্ভব বলেও জানানো হয়েছে। জাপানীজ এনকেফেলাইটিস রোগ থেকে নিজেদের সুরক্ষিত রাখতেও স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে মশার কামড় থেকে নিজেকে সুরক্ষিত করা, ঘরের চারপাশে কীটনাশক ছিটিয়ে দেওয়া, নালা-নর্দমা পরিষ্কার রাখার পরামর্শ প্রদান করা হয়েছে।

---

আসাম বিধানসভার বিভিন্ন বিভাগের আয়-ব্যয় সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি-ডি আর এস সি (এ) উন্নয়ন বিভাগের নয় সদস্য বিশিষ্ট একটি কমিটি আজ থেকে আগামী শনিবার পর্যন্ত করিমগঞ্জ, হাইলাকান্দি ও কাছাড় জেলার ক্ষেত্রে সমীক্ষা পরিদর্শন করতে আসছেন। বিধায়ক গোবিন্দ চন্দ্ৰ বসুমাতারির নেতৃত্বে আসা নয় সদস্যের এই দলে বরাক উপত্যকার তিন বিধায়ক-খলিল উদ্দিন মজুমদার, জাকির হোসেন লক্ষ্মণ এবং কমলাক্ষ্য দে পুরকায়স্থ ছাড়াও অন্যান্য সদস্যরা হচ্ছেন- বিধায়ক মুজিবুর রহমান, শ্রীমতি শিবামনি বরা, মোহম্মদ আমিনুল ইসলাম, লরেন্স ইসলারী ও দুর্গাদাস বড়ো।

---

আসাম বিধানসভার প্রতিনিধি দলটি আজ বিকেলে করিমগঞ্জ জেলা সফরে আসছেন। প্রতিনিধি দলটি করিমগঞ্জে পৌঁছে বিকেল চারটায় উন্নয়ন মূলক কাজের

ক্ষেত্র পরিদর্শন করবেন। প্রতিনিধি দলটি আগামীকাল সকাল ১০ টায় জেলা আয়ুক্তের কার্য্যালয়ের সভাকক্ষে প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকেও মিলিত হবেন।

এদিকে প্রতিনিধি দলটি আগামী ২০ জুলাই অর্থাৎ শনিবার কাছাড় জেলার সংশ্লিষ্ট বিভাগের ২০২৩-২৪ বর্ষের প্রতিবেদনে থাকা পর্যবেক্ষণ এবং সুপারিশ পরীক্ষা করার জন্য স্পট পরিদর্শন করে জেলা আয়ুক্ত ও বিভাগীয় আধিকারীকদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করবেন।

---

কাছাড়ের স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক এক বিজ্ঞপ্তিতে জেলার গর্ভবতী মহিলাদের আলট্রা সোনোগ্রাফি পরিষেবা প্রদানের জন্য চুক্তির ভিত্তিতে শিলচর, ধলাই, লক্ষ্মীপুর ও কাটিগড়া স্বাস্থ্য কেন্দ্রের দুই কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে থাকা ডায়াগনস্টিক সেন্টার থেকে দরপত্র আহ্বান করেছেন। দরপত্র জমা দেওয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশিকা ও নথি শিলচরের যুগ্ম স্বাস্থ্য সঞ্চালকের কার্য্যালয়ে পাওয়া যাচ্ছে। আগামী ৬ই আগস্টের মধ্যে এই দরপত্র জমা করতে বলা হয়েছে। বিশদ বিবরণ জেলা যুগ্ম স্বাস্থ্য সঞ্চালকের কার্য্যালয়ে পাওয়া যাচ্ছে।

---

দিব্যাঙ্গ সবলীকরণ বিভাগ দিব্যাঙ্গদের সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে যাওয়া সংস্থা গুলিকে জাতীয় পুরষ্কারের আবেদন প্রক্রিয়ায় অংশ গ্রহণ করার আহ্বান জানিয়েছে। সামাজিক ন্যায় বিভাগ দিব্যাঙ্গদের সক্ষম করে তুলতে যে সব সংস্থা ত্রুটিগত কাজ করে চলেছে তাদের উৎসাহিত করে সামাজিক পরিচয় প্রদানের উদ্দেশ্যে এই পুরষ্কার প্রদানের পদক্ষেপ গ্রহণ করেছে বলে জানিয়েছে। প্রতি বছর তেসরা ডিসেম্বর আন্তর্জাতিক বিকলাঙ্গ দিবস উপলক্ষে দিব্যাঙ্গদের উন্নয়নের জন্য কাজ করা ব্যক্তি, সংস্থা, সংগঠন, রাজ্য এবং জেলা স্তরে এই পুরষ্কার প্রদান করা হয়। উল্লেখ্য যে ২০২৪ সালার জাতীয় এই পুরষ্কারের জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া চলতি মাসের ৩১ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

---

---

হাইলাকান্দি কৃষি বিভাগের সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কৃষি বিভাগে ট্রেকটার , পাওয়ার টিলার , ট্রাকটার পি টি ও , ড্রাইভেন থ্রেসার সহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি রেহাই মূল্যে বণ্টনের জন্য কৃষকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । ইচ্ছুক কৃষকদের আগামী পঞ্জা অগাষ্টের মধ্যে নির্দিষ্ট প্রপত্র পূরন করে হাইলাকান্দি কৃষি বিভাগের সহকারী কার্যবাহী বাস্তুকারের কার্য্যলয়ে জমা করতে বলা হয়েছে । বিশদ বিবরন কৃষি বিভাগের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---

---